# বাংলাদেশ জাতীয় আরকাইভস আইন, ২০২১

( ২০২১ সনের ২১ নং আইন )

**National Archives Ordinance, 1983 রহিতক্রমে সময়োপযোগী করিয়া উহা নূতনভাবে প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৮২ সনের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সনের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারিকৃত অধ্যাদেশসমূহের অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তপশিলের ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হইয়াছে এবং সিভিল আপিল নং-৪৮/২০১১ এ সুপ্রীমকোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পাইয়াছে; এবং

যেহেতু ২০১৩ সনের ৭ নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হইয়াছে; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যক বিবেচিত অধ্যাদেশসমূহ সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-উল্লিখিত সিদ্ধান্তের আলোকে, National Archives Ordinance, 1983 (Ordinance No. XXXIX of 1983) রহিতক্রমে সময়োপযোগী করিয়া উহা নূতনভাবে প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন বাংলাদেশ জাতীয় আরকাইভস আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-

(১) 'অধিদপ্তর' অর্থ ধারা ৩ এর উপ-ধারা (১) এর অধীন প্রতিষ্ঠিত আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর;

(২) 'উপদেষ্টা পরিষদ' অর্থ ধারা ৫ এর অধীন গঠিত উপদেষ্টা পরিষদ;

(৩) 'জাতীয় আরকাইভস' অর্থ ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ জাতীয় আরকাইভস;

(৪) 'দায়িত্বপ্রাপ্ত কর্মচারী' অর্থ কোনো সরকারি অফিসের ক্ষেত্রে উক্ত অফিসের প্রধান অথবা সাময়িকভাবে উক্ত অফিস প্রধানের দায়িত্ব ও কার্য সম্পাদনকারী ব্যক্তিও উহার অন্তর্ভুক্ত হইবে;

(৫) 'পাণ্ডুলিপি' অর্থ গ্রানাইট ব্যতীত কোনো কাগজ, ধাতব বা অন্য কোনো বস্তুর উপর হস্ত লিখিত, যান্ত্রিক বা অন্য কোনো পদ্ধতিতে প্রস্তুতকৃত কোনো রচনা বা দলিলপত্র;

(৬) 'বিধি' অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(৭) 'ব্যক্তিগত আরকাইভস' অর্থ সরকারি আরকাইভস ব্যতীত অন্যান্য রেকর্ড, পাণ্ডুলিপি, দলিলপত্র অথবা মুদ্রিত বস্তু;

(৮) 'ব্যক্তিগত রেকর্ড' অর্থ ব্যক্তিগত কার্যাবলি সম্পাদনের সময় গৃহীত, উৎপাদিত বা প্রস্তুতকৃত অন্যূন ৩০ (ত্রিশ) বৎসরের পুরাতন রেকর্ড, পাণ্ডুলিপি, দলিলপত্র বা নথিপত্র যাহার ঐতিহাসিক, সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক কিংবা সাংস্কৃতিক তাৎপর্য রহিয়াছে;

(৯) 'মহাপরিচালক' অর্থ আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর এর মহাপরিচালক;

(১০) 'সরকারি অফিস' অর্থ তপশিলে বর্ণিত অফিসসমূহ;

(১১) 'সরকারি আরকাইভস' অর্থ জাতীয় আরকাইভসে স্থায়ী সংরক্ষণের জন্য রক্ষিত হইয়াছে অথবা জমা প্রদান করা হইয়াছে এইরূপ সকল সরকারি রেকর্ড এবং অন্য কোনো পাণ্ডুলিপি, দলিল অথবা মুদ্রিত বস্তু; এবং

(১২) 'সরকারি রেকর্ড' অর্থ সরকারি অফিস কর্তৃক অফিসের কার্যাবলি সম্পাদনের সময় গৃহীত, উৎপাদিত বা প্রস্তুতকৃত ২৫ (পঁচিশ) বা ততোধিক বৎসরের পুরাতন ঐতিহাসিক গুরুত্বসম্পন্ন প্রশাসনিক, সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক বা সাংস্কৃতিক তাৎপর্যসম্পন্ন যে কোনো মূল নথি, দলিলপত্র, পাণ্ডুলিপি, পত্রিকা, চিঠি, প্রতিবেদন, বহি, ম্যাগাজিন, পরিকল্পনা, নিবন্ধনবহি, মানচিত্র, চিত্র, ছবি, নকশা, তালিকা(chart), গেজেট, গেজেটিয়ার অথবা অন্য যে কোনো রেকর্ড বা উহার অংশবিশেষ যাহা গ্রানাইট ব্যতীত ধাতব বস্তু বা দলিল বা অন্য কোনো কিছুর উপর হস্ত লিখিত,

অঙ্কিত বা মুদ্রিত এবং সরকারি অফিস কর্তৃক গৃহীত অডিও-ভিজুয়াল সামগ্রী, সিনেমাটোগ্রাফ, টেপ, রেকর্ডিং, ডিস্ক, ফিল্ম, ইত্যাদিও ইহার অন্তর্ভুক্ত হইবে।

**আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর**

৩। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর নামে একটি অধিদপ্তর থাকিবে যাহার প্রধান নির্বাহী হইবেন একজন মহাপরিচালক।

(২) মহাপরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকরির শর্তাদি সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) উপ-ধারা (৪) এর বিধান সাপেক্ষে, অধিদপ্তরের কার্যাবলি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি ও শর্তে নিয়োগ করা যাইবে।

(৪) আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০২ এর অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের কর্মচারী বলিয়া গণ্য হইবেন।

**জাতীয় আরকাইভস প্রতিষ্ঠা**

৪। (১) National Archives Ordinance, 1983 (Ordinance No. XXXIX of 1983) এর অধীন প্রতিষ্ঠিত National Archives, বাংলাদেশ জাতীয় আরকাইভস নামে অভিহিত হইবে এবং উহা এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে।

(২) ইহা সরকারের কেন্দ্রীয় রেকর্ড সংরক্ষণাগার হিসাবে বিবেচিত হইবে।

(৩) জাতীয় আরকাইভসের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নকশা অনুযায়ী একটি দাপ্তরিক সিলমোহর থাকিবে এবং উক্ত সিলমোহর আইনগতভাবে গ্রাহ্য হইবে।

(৪) জাতীয় আরকাইভসের সিলমোহর মহাপরিচালকের তত্ত্বাবধানে থাকিবে এবং তিনি বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী জাতীয় আরকাইভসের কার্যে এই সিলমোহর ব্যবহার করিতে পারিবেন।

**উপদেষ্টা পরিষদ গঠন**

৫। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় আরকাইভসের জন্য একটি উপদেষ্টা পরিষদ থাকিবে।

(২) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে উপদেষ্টা পরিষদ গঠিত হইবে, যথা :-

(ক) সিনিয়র সচিব বা সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) মন্ত্রিপরিষদ বিভাগ, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হইতে একজন করিয়া মনোনীত অন্যূন যুগ্মসচিব পর্যায়ের কর্মচারী;

(গ) ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগ বা আরকাইভস সংশ্লিষ্ট বিভাগ, যদি থাকে, হইতে একজন করিয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কর্তৃক মনোনীত অধ্যাপক;

(ঘ) মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আরকাইভ;

(ঙ) মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর;

(চ) মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(৩) দফা (গ) এর অধীন মনোনীত সদস্যগণের মেয়াদ হইবে মনোনয়নের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসর।

**উপদেষ্টা পরিষদের সভা**

৬। (১) উপদেষ্টা পরিষদের সভাপতি কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে উপদেষ্টা পরিষদের সভা অনুষ্ঠিত হইবে।

(২) প্রতি বৎসর অন্যূন ২(দুই) বার উপদেষ্টা পরিষদের সভা অনুষ্ঠিত হইবে।

(৩) সভাপতির সম্মতিক্রমে মহাপরিচালক উপদেষ্টা পরিষদের সভা আহবান করিবেন।

(৪) উপদেষ্টা পরিষদের সভার কোরামের জন্য অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে।

(৫) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতির একটি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(ঙ) কেবল কোনো সদস্যপদে শূন্যতা বা উপদেষ্টা পরিষদ গঠনে ত্রুটি থাকিবার কারণে উপদেষ্টা পরিষদের কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তদ্‌সম্পর্কে কোনো প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

**উপদেষ্টা পরিষদের কার্যাবলি**

৭। উপদেষ্টা পরিষদের কার্যাবলি হইবে নিম্নবর্ণিত বিষয়ে পরামর্শ প্রদান করা, যথা :-

(ক) সরকারি ও ব্যক্তিগত আরকাইভস চিহ্নিতকরণ, সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহার;

(খ) সরকারি ও ব্যক্তিগত রেকর্ডের হেফাজত, স্থানান্তর, পরিচর্যা ও ব্যবস্থাপনা;

(গ) সরকারি ও ব্যক্তিগত আরকাইভস সম্পাদনা ও প্রকাশনার ব্যবস্থাকরণ; এবং

(ঘ) আরকাইভস সংশ্লিষ্ট বিভিন্ন ধরনের স্বল্প ও দীর্ঘমেয়াদি কোর্স বা ডিপ্লোমা কোর্স পরিচালনা সংক্রান্ত গাইডলাইন প্রণয়ন।

**মহাপরিচালকের ক্ষমতা ও দায়িত্ব**

৮। (১) মহাপরিচালক জাতীয় আরকাইভস এবং উহাতে রক্ষিত সরকারি ও ব্যক্তিগত আরকাইভসের দায়িত্বে থাকিবেন এবং তিনি সরকারি ও ব্যক্তিগত আরকাইভস সংরক্ষণের উদ্দেশ্যে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করিবেন।

(২) উপ-ধারা (১) এর সামগ্রিকতা ক্ষুণ্ন না করিয়া, মহাপরিচালকের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) সরকারি আরকাইভসের জন্য সহায়ক হিসাবে আবশ্যক হইতে পারে এইরূপ তালিকা, সূচি, গাইড, পরিসংখ্যাপত্র (inventories), পঞ্জিকা, মূলপাঠ, অনুবাদ এবং অন্যান্য বিষয় সহজলভ্য ও প্রকাশ করা;

(খ) যে শর্ত সাপেক্ষে কোনো দলিল বা পান্ডুলিপি জাতীয় আরকাইভসে স্থানান্তরিত অথবা অর্জিত হইবে, সেই শর্তে তাহার হেফাজতে রক্ষিত কোনো সরকারি আরকাইভস উৎপাদন, সম্পাদনা, মুদ্রণ অথবা অন্য কোনো সরকারি কার্যে ব্যবহার করা;

(গ) সরকারি আরকাইভস গ্রহণ, পুনরুদ্ধার, সংস্কার ও সংরক্ষণের ব্যবস্থা করা এবং প্রয়োজন মোতাবেক যে কোনো সরকারি আরকাইভসের আলোকচিত্রীয় প্রতিলিপি বা ডুপ্লিকেট প্রস্তুত করা;